# প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর
## প্রশাসনিক উইং- রেজিষ্ট্রেশন শাখা
### তালিকাভুক্তির নীতিমালা

সাধারণ।

১। প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগের আওতাধীন একটি আন্তঃবাহিনী সংস্থা। ইহা একটি গুরুত্বপুর্ন প্রতিষ্ঠান যা সশস্ত্র বাহিনী তথা সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী, আন্তঃবাহিনী সংস্থা সমূহ ও কোন কোন ক্ষেত্রে আধা সামরিক বাহিনীর জন্য প্রযোজ্য সকল প্রকার যুদ্ধ সরঞ্জাম ও অন্যান্য সকল প্রকার দ্রব্য সামগ্রী তালিকাভুক্ত সরবরাহকারীদের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে ক্রয় করে থাকে। এ সকল সরবরাহকারীগনের ডিজিডিপিতে তালিকাভুক্তির নিমিত্তে তাদের সক্ষমতা যাচাই করা, রাষ্ট্রদ্রোহী কার্যকলাপের সাথে সংশ্লিষ্টতা যাচাই এবং ব্যক্তি ও প্রতিষ্ঠান কোনরূপ নিরাপত্তা হানিকর কাজের সাথে সংশ্লিষ্ট আছে কিনা তা যাচাই করা প্রয়োজন। এছাড়াও প্রযুক্তিগত উৎকর্ষতা, সময়োপযোগী কর্মপন্থা, বাস্তবানুগ এবং দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনার অংশ হিসেবে ব্যবসার ধরণ/ক্ষেত্র/পরিধির ব্যাপকতা বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে অত্র মহাপরিদপ্তর কর্তৃক পূর্বে জারিকৃত তালিকাভুক্তির নীতিমালাটি পূনঃমূল্যায়নের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। এতদপ্রেক্ষিতে, প্রচলিত/সংশ্লিষ্ট সরকারী নীতিমালার আলোকে পূর্বে জারীকৃত নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন করতঃ একটি পূর্ণাঙ্গ নীতিমালা নতুনভাবে প্রনয়ন করা হলো।

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/শেয়ার হোল্ডারদের আবেদনের যোগ্যতার শর্তাবলী।

২। আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/শেয়ার হোল্ডারদের বয়স নূন্যতম ২৫ বৎসর হওয়ার পাশাপাশি মানসিকভাবে ভারসাম্যপূর্ণ হতে হবে।

৩। আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/শেয়ার হোল্ডারকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা যে কোন দেশের বৈধ নাগরিক হতে হবে। বিদেশী বৈধ নাগরিকের ক্ষেত্রে বাংলাদেশে ব্যবসা করার জন্য যথাযথ বৈধ নথিপত্র (যেমনঃ BIDA- এর অনুমতিপত্র/বিজনেস ভিসা/ইনভেষ্টমেন্ট ভিসা/ বাংলাদেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমতিপত্র ইত্যাদি) থাকতে হবে। এছাড়াও, বৈদেশিক নাগরিকের ব্যবসা প্রতিষ্ঠানের শাখা বাংলাদেশে থাকতে হবে।

৪। সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে ব্যক্তিগত নং ও পদবী (প্রদত্ত জীবন বৃত্তান্তে ও তালিকাভুক্তি আবেদন ফর্মে) অবশ্যই উল্লেখ থাকতে হবে। এ ক্ষেত্রে আর্মি রেগুলেশন (রুলস) ৩২২ প্রণিধানযোগ্য। অফিসার ব্যতীত অন্যান্য পদবী এবং বেসামরিক সদস্যদের ক্ষেত্রে চাকুরী অবসরের প্রত্যয়নপত্র বই এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

৫। চাকুরীরত সামরিক/অসামরিক কর্মকর্তা এবং কর্মচারীগণের ক্ষেত্রে আর্মি রেগুলেশন (রুলস) ৩২১ এবং আর্মি রেগুলেশন (ইনস্ট্রাকশন) ২৩৯ ও ২৪০ প্রণিধানযোগ্য।

৬। সশস্ত্র বাহিনীতে কর্মরত/এলপিআর ভোগরত সদস্যের স্বামী/স্ত্রী কর্তৃক ব্যবসার উদ্দেশ্যে তালিকাভুক্তির নিরাপত্তা ছাড়পত্র চাহিদা করা হলে স্ব স্ব বাহিনীর গোয়েন্দা পরিদপ্তর/যথাযথ কর্তৃপক্ষ থেকে ছাড়পত্র গ্রহন করতে হবে এবং ছাড়পত্রের কপি নথিপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। কোন লিমিটেড/যৌথ মালিকানাধীন কোম্পানী/ Group of Company বা বহুমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/ চেয়ারম্যান/ পরিচালক/ শেয়ারহোল্ডার/ অংশীদারদের মালিকানাধীন একাধিক প্রতিষ্ঠানের অনুকূলে তালিকাভুক্ত করা যাবে। এছাড়াও একই পরিবারভুক্ত সদস্য কর্তৃক পরিচালিত একক মালিকানাধীন প্রতিষ্ঠানকেও তালিকাভুক্তি করা যাবে। এক্ষেত্রে, তালিকাভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক এই মর্মে অংগীকারনামা প্রদান করতে হবে যে, একই দরপত্রে কোন লিমিটেড/যৌথ মালিকানাধীন কোম্পানী/ Group of Company বা বহুমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/ পরিচালক/শেয়ার হোল্ডার/অংশীদারদের মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ এবং একই পরিবারভুক্ত সদস্যদের মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ থেকে একটির বেশী প্রতিষ্ঠান উক্ত দরপত্রে অংশগ্রহন করতে পারবে না।

৮। প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এ উল্লেখিত ঠিকানায় অবশ্যই ব্যবসা প্রতিষ্ঠানের অফিস/কার্যালয় থাকতে হবে। এছাড়া ট্রেড লাইসেন্সে ব্যবসার ধরণে সরবরাহকারী অবশ্যই উল্লেখ থাকতে হবে (প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা অবশ্যই ট্রেড লাইসেন্সে প্রদত্ত নাম ও ঠিকানার অনুরূপ হতে হবে)।

৯। আবেদনকারীকে অবশ্যই করদাতা হতে হবে। তালিকাভুক্ত সংস্থার শ্রেণী/ক্যাটাগরী মোতাবেক বিগত তিন অর্থ বৎসরের আয়কর প্রদানের সামঞ্জস্যতা এবং আর্থিক সক্ষমতা থাকতে হবে। প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীর বিগত তিন অর্থ বছরের আয়কর পরিশোধের সনদপত্র ও প্রাপ্তি স্বীকারপত্র দাখিল করতে হবে। আয়কর প্রদানের হার নিম্নরূপ ঃ

| ক্রমিক | গ্রুপ | প্রতি অর্থ বৎসরের নূন্যতম আয়কর | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য ও তাদের স্বামী/স্ত্রী এবং কর্মরত সদস্যের স্ত্রী/স্বামী | বেসামরিক ব্যক্তিবর্গ | |
| ১। | গ্রুপ ৪ ও ১০ ব্যতীত | ২৫,০০০.০০ | ১,০০,০০০.০০ | লিমিটেড কোম্পানী/যৌথ কোম্পানীর ক্ষেত্রে পার্শ্বে উল্লেখিত আয়কর এর পরিমান অবশ্যই প্রতিষ্ঠানের নামে হতে হবে। তবে ক্ষেত্র বিশেষে ব্যক্তিগত আয়কর পরিশোধের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। |
| ২। | গ্রুপ ৪ ও ১০ সহ | ৫০,০০০.০০ | ২,০০,০০০.০০ | |

১০। **গ্রুপ সমূহ**। ডিজিডিপির মাধ্যমে ক্রয়তব্য সকল পণ্য সামগ্রীকে নিম্নোক্ত ১২ টি গ্রুপে বিভক্ত করা হয়েছেঃ

ক। গ্রুপ-১: সকল প্রকার যানবাহন, উহার যন্ত্রাংশ এবং অনুমোদিত সরঞ্জামাদি।
খ। গ্রুপ- ২: সকল প্রকার সিগন্যাল, যোগাযোগ, সংকেত, বৈদ্যুতিক ও বেতার সরঞ্জাম এবং উহার যন্ত্রাংশ (Electrical and Electronics Eqpt and Spares)।
গ। গ্রুপ- ৩: ঔষধ, তড়িৎ, চিকিৎসা সরঞ্জাম, Electromedical ও অন্যান্য সম্পর্কিত দ্রব্য।
ঘ। গ্রুপ- ৪: সকল প্রকার অস্ত্র, গোলাবারুদ, বিস্ফোরক এবং ইওডি (EOD), আইইডি (IED), আইইডিডি (IEDD), সিআইইডি (CIED), মিসাইল সিস্টেম, টর্পেডোমিক, রকেট, এয়ার বম্ব সংক্রান্ত সকল সরঞ্জাম এবং এর যন্ত্রাংশ।
ঙ। গ্রুপ- ৫: বস্ত্র, ব্যারাক, টেনটেজ, শিবির সরঞ্জাম, হাসপাতাল ও এ জাতীয় সম্পর্কিত সকল দ্রব্য।
চ। গ্রুপ- ৬: সকল প্রকার সিমুলেটর, হাইড্রোগ্রাফি সরঞ্জাম, কারখানা, ল্যাবরেটরী/ওয়ার্কশপ/ডক ইয়ার্ড, পরীক্ষা সরঞ্জাম এবং উহার প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী।
ছ। গ্রুপ- ৭: মনুষ্য ও পশুখাদ্য, স্বাস্থ্য ও রাসায়নিক দ্রব্যাদি, সকল প্রকার জালানী (পিওএল, এলপিজি, সিএনজি, জ্বালানী কাঠ এবং কুকিং গ্যাস) ও অত্যাধুনিক খাদ্যপ্রস্তুত সরঞ্জামাদি।
জ। গ্রুপ- ৮: সকল প্রকার ইঞ্জিনিয়ারিং সরঞ্জাম, বিশেষায়িত যানবাহন (MHE), গ্রাউন্ড ইকুইপমেন্ট ও সংশ্লিষ্ট যন্ত্রাংশ। ইন এইড টু সিভিল পাওয়ার এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সকল দ্রব্যাদি।
ঝ। গ্রুপ- ৯: অফিসে ব্যবহার্য সকল ধরণের ষ্টেশনারী, অফিস ইকুইপমন্ট, আইটি, সার্ভার, নেটওয়ার্ক, সফটওয়্যার, হার্ডওয়্যার, তথ্য নিরাপত্তা বিষয়ক ইত্যাদি ও ফটো সরঞ্জাম।
ঞ। গ্রুপ- ১০: সকল প্রকার আকাশযান, নৌযান, সাবমেরিন এবং উহাদের যন্ত্রাংশ। সকল প্রকার ইউএভি (UAV), ড্রোন, এন্ট্রি/Counter, ড্রোন, হোবার ক্রাফট, সকল প্রকার র‍্যাডার/Surveillance Sys এবং দূর নিয়ন্ত্রিত সরঞ্জাম।
ট। গ্রুপ- ১১: সকল প্রকার প্রকৌশল এবং নির্মান সংশ্লিষ্ট সরঞ্জাম /উপাদান।
ঠ। গ্রুপ- ১২: রং, রাসায়নিক দ্রব্য, মোড়ক উপকরণ, ক্লিনিংউপকরণ/সামগ্রী, ওয়েল্ডিং কাটিং সামগ্রী এবং বানিজ্যিক গ্যাস।

**নতুন তালিকাভুক্তি (গ্রুপ-৪ ও গ্রুপ-১০ ব্যতীত)**

১১। **তালিকাভুক্তি ফরম প্রাপ্তি সাপেক্ষে তালিকাভুক্তির নিমিত্তে ডিজিডিপি কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় নথিপত্রাদি**। সরবরাহকারী / প্রস্তুতকারী / আমদানীকারক / রপ্তানীকারক / ঠিকাদারী প্রতিষ্ঠান www.edp.gov.bd ওয়েবসাইটে লগইন এর মাধ্যমে প্রাথমিক রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ সরাসরি ট্রাষ্ট ব্যাংক এর যেকোনো শাখায়/ক্রেডিট কার্ড (VISA, Master Card, Amex Card, Nexus Card, Q-Cash)/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস এর মাধ্যমে ৫,০০০/- টাকা ফি প্রদান করলে **অনলাইনে তালিকাভুক্তির আবেদনের এক্সেস পাওয়া যাবে। পরবর্তীতে নিম্নেবর্ণিত আনুষঙ্গিক দলিলাদি সহকারে আবেদনপত্র অনলাইনে সাবমিট করতে হবেঃ**

ক। তালিকাভুক্তির নিমিত্তে নিরাপত্তা ছাড়পত্রের আবেদন।

খ। মালিকের (লিমিটেড/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান হলে প্রত্যেক অংশীদার/শেয়ার হোল্ডার) ছবিসহ স্থায়ী এবং অস্থায়ী ঠিকানা সম্বলিত আলাদা-আলাদা জীবন-বৃত্তান্ত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি সহ।

গ। অঙ্গীকারনামা আবেদিত প্রতিষ্ঠানের প্যাডে।

ঘ। মামলা সাজা সংক্রান্ত প্রত্যায়নপত্র।

ঙ। সকল মালিক/অংশীদার/শেয়ার হোল্ডারগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

চ। বাংলাদেশী পাসপোর্ট এবং একাধিক নাগরিকত্ব থাকলে সকল পাসপোর্টের ফটোকপি।

ছ। আবেদনকারীর (স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক /শেয়ার হোল্ডারগণের) শিক্ষাগত যোগ্যতার সনদ।

জ। হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি। প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এ উল্লেখিত ঠিকানায় অবশ্যই ব্যবসা প্রতিষ্ঠানের অফিস/কার্যালয় থাকতে হবে। এছাড়া ট্রেড লাইসেন্সে ব্যবসার ধরণে **সরবরাহকারী** অবশ্যই উল্লেখ থাকতে হবে (প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা অবশ্যই ট্রেড লাইসেন্সে প্রদত্ত নাম ও ঠিকানার অনুরূপ হতে হবে)।

ঝ। টিআইএন ও বিআইএন সনদপত্র (Proprietorship প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের টিআইএন এবং লিমিটেড ও যৌথ কোম্পানীর ক্ষেত্রে অংশীদার/শেয়ার হোল্ডারগণের টিআইএন সনদপত্র, প্রতিষ্ঠানের টিআইএন সনদপত্র এবং প্রতিষ্ঠানের বিআইএন সনদপত্র)।

ঞ। প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীর বিগত ০৩ (তিন) অর্থ বৎসরের আয়কর প্রদানের নথিপত্র (আয়কর সনদ এবং প্রাপ্তি স্বীকারপত্র) এর ফটোকপি। এ ক্ষেত্রে একক মালিকানাধীন হলে স্বত্বাধিকারীর ব্যক্তিগত ট্যাক্স (প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকা প্রয়োজন) এবং লিমিটেড/যৌথ কোম্পানী হলে প্রতিষ্ঠানের নামে আয়কর পরিশোধের নথিপত্র (আয়কর সনদপত্র এবং প্রাপ্তি স্বীকারপত্র) আবশ্যক (**আয়কর প্রদানের হার অবশ্যই অনুচ্ছেদ ৯ মোতাবেক হতে হবে**)।

ট। বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে আমদানি নিবন্ধন সনদ (আই আর সি) (প্রযোজ্য ক্ষেত্রে, সরকারীভাবে আমদানীকারক হিসেবে নিবন্ধিত হলে)।

ঠ। বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে ইনডেন্টিং সার্ভিস সনদ (ই আর সি) (প্রযোজ্য ক্ষেত্রে, সরকারীভাবে ইন্ডেন্টর হিসেবে নিবন্ধিত হলে)। (ঐচ্ছিক)

ড। বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে বাংলাদেশ ইনডেনটিং এজেন্টস্ এসোসিয়েশন এর মেম্বারশীপ সনদ/চেম্বার অব কমার্স এর মেম্বারশীপ সনদ।

ঢ। প্রতিষ্ঠানের ব্যাংক ষ্টেটমেন্টের সত্যায়িত ফটোকপি (সর্বশেষ ০৩ মাসের/সর্বোচ্চ ০২ পাতা)।

ণ। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে Memorandum and Articles of Association, Form-XII এবং Schedule-X এর হালনাগাদ নথিপত্র সম্পূর্ণ সেট।

ত। যৌথ মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে পার্টনারশীপ চুক্তিপত্র।

থ। নোটারী পাবলিক কর্তৃক (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে) দেয়া হলফনামা (এফিডেভিট) পাসপোর্ট সাইজের রঙিন ছবি সহ।

দ। আবেদনকারী প্রতিষ্ঠানের ফোন ও মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা কোম্পানীর প্যাডে প্রদান করতে হবে।

<u>নতুন তালিকাভুক্তি (গ্রুপ-৪ ও গ্রুপ-১০ সহ)</u>

১২। <u>গ্রুপ ৪ ও ১০ এর অনুকূলে তালিকাভুক্তি ফরম প্রাপ্তির লক্ষ্যে বিশেষ নির্দেশাবলীঃ</u>

ক। কোন ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান প্রাথমিকভাবে (শুরুতেই) ডিজিডিপি'র গ্রুপ ৪ ও ১০ **সহ** অন্যান্য সকল গ্রুপের তালিকাভুক্তির আবেদন করতে পারবে না। সেক্ষেত্রে প্রতিষ্ঠানটি প্রাথমিকভাবে ডিজিডিপি'র গ্রুপ ৪ ও ১০ ব্যতিত অন্যান্য গ্রুপের তালিকাভুক্তির আবেদন করবে। অত্র মহাপরিদপ্তরে তালিকাভুক্তির আনুমানিক ০১ বছর অতিবাহিত হওয়ার পর ডিজিডিপিতে সন্তোষজনকভাবে নূন্যতম ০১ টি চুক্তি (বৈদেশিক মুদ্রায়) সফলভাবে বাস্তবায়ন সাপেক্ষে গ্রুপ ৪ ও ১০ এ অন্তর্ভূক্তির জন্য আবেদন করতে পারবে। তবে গ্রুপ ৪ ও ১০ এ অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিরাপত্তা জামানতের টাকা ডিজিডিপিতে নিম্নরূপভাবে জমা করতে হবেঃ

অবসরপ্রাপ্ত সামরিক সদস্য - ২,০০,০০০.০০ টাকা
অসামরিক ব্যক্তিবর্গ - ৫,০০,০০০.০০ টাকা

এক্ষেত্রে অনুচ্ছেদ ১৩ অনুযায়ী প্রাথমিক তালিকাভুক্তির প্রাক্কালে প্রদত্ত জামানতের অর্থ সমন্বয় করা হবে।

খ। এক্ষেত্রে, প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অনুচ্ছেদ-১১ মোতাবেক মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর এর বরাবরে আবেদনপত্র ফরম প্রাপ্তির জন্য ডিজিডিপিতে সন্তোষজনকভাবে সম্পন্ন ০১ টি চুক্তিপত্রের কপি (বৈদেশিক মুদ্রায়) সহ আবেদন করতে হবে।

গ। কেবলমাত্র সামরিক বাহিনীতে দীর্ঘ চাকুরী এবং সামরিক বিষয়ে দীর্ঘ অভিজ্ঞতা/ দক্ষতা সম্পন্ন/ সামরিক সরঞ্জামাদি ক্রয়ের সাথে সম্পৃক্ত যে কোন সামরিক প্রতিষ্ঠানে (যেমনঃ ডিজিডিপি, সিওডি, বিওএফ, ডব্লিউইএন্ডএস, অর্ডন্যান্স পরিদপ্তর, ডাইরেক্টরেট অব সাপ্লাই-বিমান বাহিনী সদর দপ্তর, ২০১ মেইনটেন্যান্স ইউনিট, এনএসএসডি, ডিএনএস, ডিএনপি, ডিএনডব্লিউএন্ডইই, ডিএনএআইএস ইত্যাদি) গুরুত্বপূর্ণ পদে চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন জেষ্ঠ্য পদবীর ব্যক্তিবর্গ বা তাদের প্রতিষ্ঠানের সামরিক ক্রয় বিষয়ক অভিজ্ঞতা ও দক্ষতা বিবেচনায় প্রথমেই ডিজিডিপি'র গ্রুপ ৪ ও ১০ **সহ** সকল গ্রুপে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবে।

ঘ। ফরম গ্রহণ সাপেক্ষে ডিজিডিপি'র গ্রুপ ৪ ও ১০ এর তালিকাভুক্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত নথিপত্র এবং অনুচ্ছেদ-১১ এ উল্লেখিত নথিপত্র সহ আবেদন করতে হবেঃ

(১) আমদানি নিবন্ধন সনদ (আই আর সি) (প্রযোজ্য ক্ষেত্রে, সরকারীভাবে আমদানীকারক হিসেবে নিবন্ধিত হলে)।

(২) ইন্ডেন্টিং সার্ভিস সনদ (ই আর সি) (প্রযোজ্য ক্ষেত্রে, সরকারীভাবে ইন্ডেন্টর হিসেবে নিবন্ধিত হলে)। (ঐচ্ছিক)

(৩) বাংলাদেশ ইনডেনটিং এজেন্টস্ এসোসিয়েশন এর মেম্বারশীপ সনদ/চেম্বার অব কমার্স এর মেম্বারশীপ সনদ।

(৪) নিম্নবর্ণিত তথ্য সম্বলিত এজেন্সী এগ্রিমেন্ট (০৩ সেট)ঃ

(ক) বিদেশী প্রতিষ্ঠান/কোম্পানীর সঠিক পূর্ণাঙ্গ ঠিকানা।

(খ) বিদেশী প্রতিষ্ঠান/কোম্পানীতে কর্মরত Contact Person (নিযুক্তি সহ ন্যূনতম ০২ জন) এর নাম ও টেলিফোন নাম্বার।

(গ) বিদেশী প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/ Contact Person এর Whatsapp/Viber/Social Media নাম্বার/ঠিকানা।

(ঘ) বিদেশী প্রতিষ্ঠান/কোম্পানীর ফ্যাক্স নাম্বার।

(ঙ) বিদেশী প্রতিষ্ঠানের এবং কোম্পানীতে কর্মরত কর্মকর্তা/Contact Person এর (ন্যূনতম ০২জন) ই-মেইল আইডি।

(চ) এজেন্সী এগ্রিমেন্টে গ্রুপ ৪ ও ১০ এর অনুকূলে সরবরাহকৃত সরঞ্জামাদি নির্দিষ্টভাবে উল্লেখ করা।

(ছ) চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদ নির্দিষ্ট তারিখসহ উল্লেখ করা।

(৫) সরবরাহকারী যদি গ্রুপ ৪ ও ১০ এর অন্তর্ভূক্ত পণ্যের প্রস্তুতকারী হিসেবে তালিকাভুক্ত হতে চায় সেক্ষেত্রে এর স্বপক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র/সনদ উপস্থাপন করতে হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র অত্র মহাপরিদপ্তর কর্তৃক সঠিকতা যাচাই সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে গ্রুপ- ৪ ও ১০ এর অনুকূলে তালিকাভুক্তি প্রদান করা হবে।

## নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী

১৩। নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক করণীয় নির্দেশাবলী নিম্নরূপঃ

ক। ডিজিএফআই এর নিকট হতে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর এবং নথিপত্র সঠিকতা যাচাইয়ের পর সরবরাহকারী প্রতিষ্ঠান'কে অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে তালিকাভুক্তি ফি এবং ১৫% ভ্যাট চার্জ বাবদ ৫,০০০.০০+৭৫০.০০= ৫,৭৫০.০০ টাকা এবং নিরাপত্তা জামানত বাবদ নিম্নেবর্ণিত হারে পে-অর্ডার (মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের অনুকূলে) জমা করার জন্য পত্র দেওয়া হবেঃ

| | |
|---|---|
| অবসরপ্রাপ্ত সামরিক সদস্য | - ১,০০,০০০.০০ টাকা |
| অসামরিক ব্যক্তিবর্গ | - ২,০০,০০০.০০ টাকা |

উক্ত অর্থ প্রাপ্তি সাপেক্ষে অনধিক ০৪ কার্যদিবসের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির কার্যক্রম গ্রহণ করা হবে। তবে সময়ের আবর্তনে ও প্রয়োজনীয়তার নিরিখে তালিকাভুক্তি ফি ও নিরাপত্তা জামানতের অর্থের পরিমান পরিবর্তনযোগ্য।

খ। কোন কোন ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র ডিজিএফআই কর্তৃক প্রদান করা হয় না কিংবা কি কারণে প্রদান করা হলো না তা ডিজিএফআই কর্তৃক অত্র মহাপরিদপ্তরকে জানানো হয় না। এমতাবস্থায় অত্র মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র না দেয়া/না প্রাপ্তির কারণ সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে জানানো হবে না। সংগত কারণে কোন প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র বাতিল/অসুপারিশ হলে উক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্রের আবেদন পুনঃ বিবেচনার জন্য নুন্যতম ০১ (এক) বছর অতিক্রান্ত হওয়ার পর পুনরায় আবেদন করা যেতে পারে। তবে, এ ক্ষেত্রে সম্পূর্ণ নতুনভাবে আবেদন করতে হবে।

১৪। নিরাপত্তা ছাড়পত্র নবায়নঃ

ক। নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ প্রদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বৎসর পর্যন্ত বলবৎ থাকে যা অতিক্রান্ত হওয়ার পূর্বেই নবায়নের জন্য প্রেরণ নিশ্চিত করতে হবে। অন্যথায় তালিকাভুক্তি বাতিল হয়ে যাবে এবং পূণঃতালিকাভুক্তির ক্ষেত্রে নতুন তালিকাভুক্তির বিস্তারিত পদ্ধতি অনুসরণ করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে ছাড়পত্র নবায়নের জন্য পুনরায় আবেদন করতে হবে। মেয়াদ শেষ হওয়ার নূন্যতম ০৬ মাস পূর্বে সরবরাহকারী হতে আবেদন গৃহীত না হলে উক্ত সরবরাহকারীর নিকট হতে নিরাপত্তা ছাড়পত্রের আবেদনপত্র সঠিকভাবে প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় নূন্যতম সময়ের মধ্যে গৃহীত হওয়ার পূর্ব পর্যন্ত সিডিউল বিক্রয় বন্ধ থাকবে। নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর নবায়নের জন্য আবেদন করলে কোনক্রমেই গ্রহনযোগ্য হবে না।

খ। যে সকল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র নবায়নের নিমিত্তে সঠিক সময়ে ডিজিএফআইতে প্রেরণ করা হবে ঐ সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদোত্তীর্ণ হওয়ার ০৬ মাসের মধ্যে ছাড়পত্র না পাওয়া গেলে তালিকাভুক্তি বাতিল করা হবে। উল্লেখ্য, উক্ত ০৬ মাসের মধ্যে সংশ্লিষ্ট সরবরাহকারীর সাথে ডিজিডিপি'র সকল ব্যবসায়িক কর্মকান্ড অব্যাহত থাকবে।

১৫। নিরাপত্তা ছাড়পত্র নবায়নের (গ্রুপ-৪ ও গ্রুপ-১০ ব্যতীত) নিমিত্তে ডিজিডিপি কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় নথিপত্রাদি। আবেদনপত্রের সাথে আবেদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত তথ্যাবলী/হালনাগাদ নথিপত্রাদি ০৩ সেট দাখিল করতে হবেঃ

ক। নবায়নের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের আবেদনপত্র (ক্রোড়পত্র ঙ মোতাবেক)।

খ। মালিকের (লিমিটেড/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান হলে প্রত্যেক অংশীদার/শেয়ার হোল্ডার) স্থায়ী এবং অস্থায়ী ঠিকানা সম্বলিত আলাদা-আলাদা জীবন-বৃত্তান্ত ০২ কপি ছবি সহ (ক্রোড়পত্র খ মোতাবেক)।

গ। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি।

ঘ। সকল মালিক/অংশীদার/শেয়ার হোল্ডারগনের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঙ। বাংলাদেশী পাসপোর্ট এবং একাধিক নাগরিকত্ব থাকলে সকল পাসপোর্টের ফটোকপি।

চ। টিআইএন ও বিআইএন সনদপত্র (Proprietorship প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের টিআইএন এবং লিমিটেড ও যৌথ কোম্পানীর ক্ষেত্রে অংশীদার/শেয়ার হোল্ডারগণের টিআইএন সনদপত্র, প্রতিষ্ঠানের টিআইএন সনদপত্র এবং প্রতিষ্ঠানের বিআইএন সনদপত্র)।

ছ। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে Memorandum and Articles of Association, Form-XII এবং Schedule-X এর হালনাগাদ নথিপত্র সম্পূর্ণ সেট।

জ। যৌথ মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে পার্টনারশীপ চুক্তিপত্র।

ঝ। প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীর বিগত ০৩ (তিন) অর্থ বৎসরের আয়কর প্রদানের নথিপত্র (আয়কর সনদ এবং প্রাপ্তি স্বীকারপত্র) এর ফটোকপি। এ ক্ষেত্রে একক মালিকানাধীন হলে স্বত্বাধিকারীর ব্যক্তিগত ট্যাক্স (প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকা প্রয়োজন) এবং লিমিটেড/যৌথ কোম্পানী হলে প্রতিষ্ঠানের নামে আয়কর পরিশোধের নথিপত্র (আয়কর সনদপত্র এবং প্রাপ্তি স্বীকারপত্র) আবশ্যক (আয়কর প্রদানের হার অবশ্যই অনুচ্ছেদ ৯ মোতাবেক হতে হবে)।

১৬। নিরাপত্তা ছাড়পত্র নবায়নের (গ্রুপ-৪ ও গ্রুপ-১০ সহ) নিমিত্তে ডিজিডিপি কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় নথিপত্রাদি। আবেদনপত্রের সাথে আবেদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত তথ্যাবলী/হালনাগাদ নথিপত্রাদি ০৩ সেট দাখিল করতে হবেঃ

ক। নবায়নের জন্য আবেদনপত্র (ক্রোড়পত্র ঙ মোতাবেক)।

খ। মালিকের (লিমিটেড/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান হলে প্রত্যেক অংশীদার/শেয়ার হোল্ডার) স্থায়ী এবং অস্থায়ী ঠিকানা সম্বলিত আলাদা-আলাদা জীবন-বৃত্তান্ত ০২ কপি ছবি সহ (ক্রোড়পত্র খ মোতাবেক)।

গ। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি।

ঘ। সকল মালিক/অংশীদার/শেয়ার হোল্ডারগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঙ। বাংলাদেশী পাসপোর্ট এবং একাধিক নাগরিকত্ব থাকলে সকল পাসপোর্টের ফটোকপি।

চ। আমদানি নিবন্ধন সনদ (আই আর সি) (প্রযোজ্য ক্ষেত্রে, সরকারীভাবে আমদানীকারক হিসেবে নিবন্ধিত হলে)।

ছ। ইন্ডেন্টিং সার্ভিস সনদ (ই আর সি) (প্রযোজ্য ক্ষেত্রে, সরকারীভাবে ইন্ডেন্টর হিসেবে নিবন্ধিত হলে)। (ঐচ্ছিক)

জ। বাংলাদেশ ইনডেনটিং এজেন্টস্ এসোসিয়েশন এর মেম্বারশীপ সনদ/চেম্বার অব কমার্স এর মেম্বারশীপ সনদ।

ঝ। নিম্নবর্ণিত তথ্য সম্বলিত এজেন্সী এগ্রিমেন্ট (**গ্রুপ ৪ ও ১০ এর অনুকূলে এজেন্সী এগ্রিমেন্ট দাখিল করতে অপারগ হলে উক্ত গ্রুপ ব্যতিরেকে নিরাপত্তা ছাড়পত্র নবায়নের জন্য আবেদন করতে হবে**) (০৩ সেট)ঃ

(১) বিদেশী প্রতিষ্ঠান/কোম্পানীর সঠিক পূর্ণাঙ্গ ঠিকানা।
(২) বিদেশী প্রতিষ্ঠান/কোম্পানীতে কর্মরত Contact Person (নিযুক্তি সহ ন্যূনতম ০২ জন) এর নাম ও টেলিফোন নাম্বার।
(৩) বিদেশী প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/ Contact Person এর Whatsapp/Viber/Social Media নাম্বার/ঠিকানা।
(৪) বিদেশী প্রতিষ্ঠান/কোম্পানীর ফ্যাক্স নাম্বার।
(৫) বিদেশী প্রতিষ্ঠানের এবং কোম্পানীতে কর্মরত কর্মকর্তা/Contact Person এর (ন্যূনতম ০২ জন) ই-মেইল আইডি।
(৬) এজেন্সী এগ্রিমেন্টে গ্রুপ ৪ ও ১০ এর অনুকূলে সরবরাহকৃত সরঞ্জামাদি নির্দিষ্টভাবে উল্লেখ করা।
(৭) চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদ নির্দিষ্ট তারিখসহ উল্লেখ করা।

ঞ। সরবরাহকারী যদি গ্রুপ ৪ ও ১০ এর অন্তর্ভূক্ত পণ্যের প্রস্তুতকারী হিসেবে তালিকাভুক্ত হতে চায় সেক্ষেত্রে এর স্বপক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র/সনদ উপস্থাপন করতে হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র অত্র মহাপরিদপ্তর কর্তৃক সঠিকতা যাচাই সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে গ্রুপ- ৪ ও ১০ এর অনুকূলে তালিকাভুক্তি প্রদান করা হবে।

ট। টিআইএন ও বিআইএন সনদপত্র (Proprietorship প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের টিআইএন এবং লিমিটেড ও যৌথ কোম্পানীর ক্ষেত্রে অংশীদার/শেয়ার হোল্ডারগণের টিআইএন সনদপত্র, প্রতিষ্ঠানের টিআইএন সনদপত্র এবং প্রতিষ্ঠানের বিআইএন সনদপত্র)।

ঠ। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে Memorandum and Articles of Association, Form-XII এবং Schedule-X এর হালনাগাদ নথিপত্র সম্পূর্ণ সেট।

ড। যৌথ মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে পার্টনারশীপ চুক্তিপত্র।

ঢ। প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীর বিগত ০৩ (তিন) অর্থ বৎসরের আয়কর প্রদানের নথিপত্র (আয়কর সনদ এবং প্রাপ্তি স্বীকারপত্র) এর ফটোকপি। এ ক্ষেত্রে একক মালিকানাধীন হলে স্বত্বাধিকারীর ব্যক্তিগত ট্যাক্স (প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকা প্রয়োজন) এবং লিমিটেড/যৌথ কোম্পানী হলে প্রতিষ্ঠানের নামে আয়কর পরিশোধের নথিপত্র (আয়কর সনদপত্র এবং প্রাপ্তি স্বীকারপত্র) আবশ্যক (আয়কর প্রদানের হার অবশ্যই অনুচ্ছেদ ৯ মোতাবেক হতে হবে)।

১৭। তালিকাভুক্তি নবায়ন (ডিজিডিপিতে বার্ষিক নবায়ন)ঃ

ক। প্রতি বৎসর ৩০ জুন এর মধ্যে প্রত্যেক তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে পরবর্তী আর্থিক বৎসরের জন্য নবায়ন ফি এবং ১৫% ভ্যাট চার্জ বাবদ ২০০০+৩০০ = ২৩০০.০০ (দুই হাজার তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর এর অনুকূলে জমা করে তালিকাভুক্তি নবায়ন করতে হবে।

খ। সংশ্লিষ্ট অর্থবৎসরে নির্ধারিত সময়ের পর অর্থাৎ ০১ জুলাই হতে ৩০ জুলাই পর্যন্ত সমপরিমান হারে জরিমানা হিসেবে (২০০০+২০০০+ভ্যাট চার্জ ৬০০) = ৪,৬০০.০০ (চার হাজার ছয়শত) টাকার সমপরিমান পে-অর্ডার গ্রহণ সাপেক্ষে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করা হবে। উল্লেখিত সময়ের পর অর্থাৎ ০১ আগষ্ট হতে পরবর্তী বৎসরের ৩০ জুন পর্যন্ত (৪০০০+৪০০০+ভ্যাট চার্জ ১২০০) = ৯,২০০.০০ (নয় হাজার দুইশত) টাকা এবং পরবর্তী অর্থ বৎসরেও নবায়ন ফি একই হারে প্রযোজ্য হবে।

গ। সরবরাহকারী প্রতিষ্ঠানের অভিপ্রায় অনুযায়ী কোন প্রতিষ্ঠান চাইলে একই সাথে ২/৩/৪ অথবা ০৫ অর্থ বৎসরের জন্য প্রতিষ্ঠানের অগ্রীম নবায়ন ফি প্রদান পূর্বক নবায়ন করতে পারবে।

ঘ। কোন কারনে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হলে অগ্রীম নবায়নের জন্য প্রদেয় অর্থ ফেরৎ প্রদান করা হবে না। পর পর ০৩ (তিন) বৎসর প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করা না হলে তাদের তালিকাভুক্তি (কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে) বাতিল বলে গণ্য করা হবে। এ বিষয়ে তালিকাভূক্তি বাতিলের কোন চিঠি/পত্র প্রেরণ করা হবে না।

১৮। <u>প্রতিনিধি ও পরিচয় পত্র সংক্রান্ত নির্দেশাবলী</u> ঃ

ক। তালিকাভূক্তির পর প্রতিষ্ঠানের মালিক/চেয়ারম্যান বা ব্যবস্থাপনা পরিচালক এবং মনোনীত অনুর্ধ্ব দুইজন প্রতিনিধিকে পরিচয়পত্র প্রদান করা হবে। প্রতিটি পরিচয়পত্রের জন্য ৫০০.০০ টাকার পে-অর্ডার (০২ বছর মেয়াদী) এবং ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা করতে হবে।

খ। ০২ বছরের জন্য প্রতিটি পরিচয়পত্র নবায়ন ফি বাবদ অর্থ বৎসরের ০১ জুন হতে ৩০ জুনের মধ্যে ৫০০.০০ টাকার পে-অর্ডার প্রদান করতে হবে। ৩০ জুনের মধ্যে পরিচয়পত্র নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ হলে ০১ জুলাই হতে প্রতিটি পরিচয়পত্রের নবায়ন ফি বাবদ সমপরিমান হারে জরিমানা হিসেবে (৫০০+৫০০) = ১,০০০.০০ টাকার পে-অর্ডার গ্রহণ সাপেক্ষে পরিচয়পত্র নবায়ন করা হবে। সময়ের আবর্তনে ও প্রয়োজনীয়তার নিরিখে বর্ণিত এই ফি/ হার পরিবর্তনযোগ্য।

গ। তালিকাভূক্ত কোন প্রতিষ্ঠানের পক্ষে দলিল-দস্তাবেজ স্বাক্ষরের বিষয়ে তালিকাভুক্তি আবেদনপত্র ফরমে উল্লেখিত ব্যক্তি ব্যতিত অন্য কোন ব্যক্তি/প্রতিনিধির সংশ্লিষ্টতা বৈধ বলে গ্রহণ যোগ্য হবে না। তালিকাভূক্তি আবেদনপত্র ফরমে উল্লেখিত ব্যক্তি/প্রতিনিধির নাম পরিবর্তনের প্রয়োজন হলে প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালকগণ'কে পরিবর্তনের বিস্তারিত কারণ উল্লেখ করে ৩০০০.০০ টাকার পে-অর্ডার সমেত নতুন ফরম প্রাপ্তির জন্য আবেদন করতে হবে। উক্ত আবেদনপত্র ফরম পুনরায় নতুনভাবে পূরণ করতঃ নতুন/পরিবর্তীত ব্যক্তির পূর্নাংগ জীবন-বৃত্তান্তসহ অত্র মহাপরিদপ্তরে জমা করলে প্রতিনিধি পরিবর্তনের অনুমতি প্রদান করা হবে।

ঘ। পরিচয় পত্র হারিয়ে গেলে তৎক্ষনাৎ নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী (জিডি) করে তার সত্যায়িত কপি ও জরিমানা সহ অত্র মহাপরিদপ্তরে আবেদন করতে হবে। প্রতিটি পরিচয় পত্রের জন্য জরিমানার পরিমান ২০০.০০ টাকা যা পে-অর্ডার এর মাধ্যমে জমা করতে হবে।

ঙ। কোন কারণে তালিকাভুক্তি বাতিল হলে সরবরাহকারী কর্তৃক ডিজিডিপির আইডি কার্ড রেজিষ্ট্রেশন শাখায় জমা করতে হবে। তালিকাভুক্তি বাতিল হওয়ার ০৩ মাস পর থেকে **ইস্যুকৃত আইডি কার্ড জমা করার পূর্ব পর্যন্ত প্রতি মাসে প্রতিটি আইডি কার্ডের জন্য ৫০০.০০ টাকা হারে জরিমানা** কার্যকর হবে। উক্ত টাকা অনাদায়ে নিরাপত্তা জামানত হতে কর্তন করা হবে।

১৯। <u>নিরাপত্তা জামানত ফেরত সংক্রান্ত নিয়মাবলীঃ</u>

ক। কোন প্রতিষ্ঠান অত্র মহাপরিদপ্তরে তালিকাভুক্তি বাতিল পূর্বক (স্বেচ্ছায়, নিরাপত্তা ছাড়পত্র বাতিল, তালিকাভুক্তি বাতিল) নিরাপত্তা জামানতে অর্থ ফেরত পেতে আগ্রহী হলে উক্ত প্রতিষ্ঠান যে ব্যক্তির নামে তালিকাভূক্ত হয়েছে ঐ ব্যক্তির স্বাক্ষরে প্রতিষ্ঠানের প্যাডে মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের বরাবরে আবেদন করতে হবে।

খ। আবেদন পত্রটি প্রাপ্তির পর অত্র মহাপরিদপ্তরের সকল ক্রয় শাখার অনাপত্তি ছাড়পত্র (NOC) গ্রহণ সাপেক্ষে নিরাপত্তা জামানতের **অর্থ {অনুচ্ছেদ ১২ (ক) ও ১৩ (ক) এ উল্লেখিত হারে জমাকৃত টাকার পরিমান} ক্রসড চেক উক্ত প্রতিষ্ঠানের নামে শুধুমাত্র আবেদনকারীকেই হস্তান্তর করা হবে। তবে সরকারী পাওনা থাকলে নিরাপত্তা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।**

গ। কোন অবস্থাতেই মনোনীত প্রতিনিধিকে ক্রসড চেক হস্তান্তর করা হবে না। তবে আবেদনকারীর মৃত্যু হলে তার বৈধ উত্তরাধিকারীকে ক্রসড চেক হস্তান্তর করা যেতে পারে।

ঘ। অনুচ্ছেদ ক এর আলোকে তালিকাভুক্তি বাতিল হওয়ার ০৩ বছরের মধ্যে আবেদন করলে সরবরাহকারী স্থায়ী জামানতের সম্পূর্ণ অর্থ ফেরত নিতে পারবেন। অন্যথায় নিম্নেবর্ণিত হারে জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবেঃ

| | |
|---|---|
| ৪-৭ বছরের মধ্যে আবেদন করলে | - ০৫% |
| ৮-১২ বছরের মধ্যে আবেদন করলে | - ১০% |
| ১৩-১৫ বছরের মধ্যে আবেদন করলে | - ৩০% |
| ১৬-২০ বছরের মধ্যে আবেদন করলে | - ৫০% |

২০ বছর অতিবাহিত হওয়ার পর সম্পূর্ণ টাকা বাজেয়াপ্ত করা হবে।

২০। <u>বিবিধ</u>ঃ

ক। কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকের শারীরিক অসুস্থ্যতা/মৃত্যু জনিত কারণে শুধুমাত্র তার বৈধ উত্তরাধিকারের নামে মালিকানা হস্তান্তর করা যাবে। যাকে মালিকানা হস্তান্তর করা হবে, তার নামে সমুদয় কাগজপত্র হালনাগাদ করতঃ কোর্ট কর্তৃক প্রদত্ত সাকসেশন সনদসহ (**Succession Certificate**) অনুচ্ছেদ-১১ মোতাবেক নথিপত্র প্রেরণ করতে হবে। পাওয়ার অব এ্যাটর্নীর মাধ্যমে কোন প্রতিষ্ঠানের মালিকানা হস্তান্তর/পরিবর্তন করা হলে তা কোন অবস্থাতেই অত্র মহাপরিদপ্তর কর্তৃক গৃহীত হবে না।

খ। কোন সরবরাহকারী প্রতিষ্ঠান একক মালিনাধীন কোম্পানী হতে যৌথ মালিনাধীন কোম্পানী অথবা লিমিটেড কোম্পানী এবং কোম্পানীর নাম পরিবর্তন করতে হলে অনুচ্ছেদ-১১ এ উল্লেখিত সংশ্লিষ্ট সকল নথিপত্রাদি সংশোধন করতঃ আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে উপরোক্ত পরিবর্তন/সংশোধনের অনুকূলে ডিজিএফআই হতে নিরাপত্তা ছাড়পত্র না পাওয়া পর্যন্ত সিডিউল ক্রয় কার্যক্রম স্থগিত থাকবে।

গ। কোন প্রতিষ্ঠান যে নামে বা ঠিকানায় তালিকাভূক্ত হবে শুধুমাত্র সে নাম বা ঠিকানা ব্যবহার করে অত্র প্রতিষ্ঠানের যে কোন ক্রয় কার্যক্রমে অংশ গ্রহন করতে পারবে। ভিন্ন নাম/ঠিকানা ব্যবহার করে উক্ত প্রতিষ্ঠান ডিজিডিপি'র কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহন করতে পারবেনা। অপরিহার্য কারণে কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনের প্রয়োজন হলে ট্রেড লাইসেন্সে ঠিকানা পরিবর্তন করতঃ তা অত্র মহাপরিদপ্তরকে জানাতে হবে। শুধুমাত্র অত্র মহাপরিদপ্তরের লিখিত অনুমতি সাপেক্ষে কোন প্রতিষ্ঠান পরিবর্তীত ঠিকানায় কার্যক্রম পরিচালনা করতে পারবে।

ঘ। ডিজিডিপিতে তালিকাভুক্ত ব্যতীত কোন সরবরাহকারী প্রতিষ্ঠান দরপত্র ক্রয় করতে পারবে না। তাছাড়া কোন দেশীয়/বৈদেশিক প্রিন্সিপাল কোম্পানী ডিজিডিপিতে তালিকাভুক্ত স্থানীয় সরবরাহকারীর মাধ্যম ব্যতীত সরাসরি দরপ্রস্তাবে অংশগ্রহণ করতে পারবে না।

ঙ। কোন বিশেষ কারণে যে কোন সময় ডিজিডিপি কর্তৃপক্ষ তালিকাভুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২১। এই নীতিমালায় বর্ণিত নির্দেশনা সমূহ ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ হতে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে সকল প্রকার ফি, আয়কর ও জামানতের অর্থ নতুনভাবে নির্ধারিত হবে। এই নীতিমালায় বর্ণিত নির্দেশনা সমূহ পরিবর্তন, পরিমার্জন, সংযোজন, বিয়োজন ইত্যাদি ক্ষেত্রে ডিজিডিপি'র সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

২২। ইতোপূর্বে প্রচলিত/প্রচারিত তালিকাভুক্তির নীতিমালা সংশ্লিষ্ট যে কোন অফিস আদেশ/অন্যান্য আদেশাবলী এ নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

নথি নং- ০৬.০৬.০০০০.২০৭.০৭.১৮০২.২৫.০১ তারিখ ১৮ সেপ্টেম্বর ২০২৫ ইং।

সুমাইয়া তাবাসসুম
মেজর
মহাপরিচালকের পক্ষে